

বাংলাদেশ সরকারী কর্ম কমিশন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

বিজ্ঞপ্তি

নম্বর-৮০.১০২.০১১.০০.০০.০০১.২০১১- ২২৬

তারিখ: ২২ ভাদ্র ১৪২৫
০৬ সেপ্টেম্বর ২০১৮

বিষয়: শিল্প মন্ত্রণালয়ের অধীন প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয়ের বয়লার পরিদর্শক এবং তথ্য মন্ত্রণালয়ের অধীন গণযোগাযোগ অধিদপ্তরের সহকারী রক্ষণাবেক্ষণ তত্ত্বাবধায়ক (ডিপ্লোমাদারী) ও রক্ষণাবেক্ষণ তত্ত্বাবধায়ক পদে প্রার্থীদের লিখিত পরীক্ষা গ্রহণ সংক্রান্ত তারিখ ও সময়সূচি, আসন ব্যবস্থা এবং নির্দেশাবলি।

শিল্প মন্ত্রণালয়ের অধীন প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয়ের বয়লার পরিদর্শক এবং তথ্য মন্ত্রণালয়ের অধীন গণযোগাযোগ অধিদপ্তরের সহকারী রক্ষণাবেক্ষণ তত্ত্বাবধায়ক (ডিপ্লোমাদারী) ও রক্ষণাবেক্ষণ তত্ত্বাবধায়ক পদে প্রার্থীদের ৩ ঘণ্টা ব্যাপী লিখিত পরীক্ষার তারিখ ও সময়সূচি, আসন ব্যবস্থা এবং নির্দেশাবলি নিম্নে দেওয়া হলো:

লিখিত পরীক্ষার তারিখ, সময়সূচি ও আসন ব্যবস্থা:

পদের নাম, মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তরের নাম, বিজ্ঞপ্তির তারিখ ও নম্বর	প্রার্থীর সংখ্যা	পরীক্ষার কেন্দ্র	পরীক্ষার তারিখ ও সময়
বয়লার পরিদর্শক, প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয়, শিল্প মন্ত্রণালয় তারিখ: ২০.০২.২০১৭, বিজ্ঞপ্তি নম্বর : ১৩	০৩ জন	শেরেবাংলা নগর সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়, আগারগাঁও, ঢাকা।	তারিখ : ১৯.০৯.২০১৮ অপরাহ্ন: ১.৩০ হতে ৪.৩০ পর্যন্ত।
সহকারী রক্ষণাবেক্ষণ তত্ত্বাবধায়ক (ডিপ্লোমাদারী) গণযোগাযোগ অধিদপ্তর, তথ্য মন্ত্রণালয় তারিখ: ২০.০২.২০১৭, বিজ্ঞপ্তি নম্বর : ২৩	৪১ জন		
রক্ষণাবেক্ষণ তত্ত্বাবধায়ক গণযোগাযোগ অধিদপ্তর, তথ্য মন্ত্রণালয় তারিখ: ২০.০২.২০১৭, বিজ্ঞপ্তি নম্বর : ২৬	০১ জন		

লিখিত পরীক্ষা সম্পর্কিত জরুরি নির্দেশাবলি:

- প্রার্থীদের কোনো প্রবেশপত্র প্রেরণ করা হবে না। প্রবেশপত্র হারিয়ে গেলে/নষ্ট হলে কমিশনের www.bpsc.gov.bd ওয়েবসাইট এবং টেলিটক বাংলাদেশ লিঃ এর <http://bpsc.teletalk.com.bd> ওয়েবসাইট থেকে প্রবেশপত্র ডাউনলোড করে সংগ্রহ করবেন।
- প্রবেশপত্র ব্যতীত কোনো প্রার্থী পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন না।
- পরীক্ষার নির্ধারিত সময়ের কমপক্ষে ১৫ মিনিট আগে আসন গ্রহণ করতে হবে। পরীক্ষা শুরু হওয়ার ১৫ মিনিট পর কোনো প্রার্থীকে পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেয়া হবে না। পরীক্ষা শুরু হওয়ার ২ ঘণ্টার মধ্যে কোনো প্রার্থী পরীক্ষা কক্ষ ত্যাগ করতে পারবে না।
- প্রার্থীদেরকে বিশেষভাবে সতর্ক করা যাচ্ছে যে, উত্তরপত্রে রেজিস্ট্রেশন নম্বর সঠিকভাবে না লিখলে এবং সঠিকভাবে বৃত্ত পূরণ না করলে, কোনোরূপ কাটাকাটি করলে উত্তরপত্রে ফুইড লাগালে তার প্রার্থিতা বাতিল হবে।
- হাজিরা তালিকায় প্রত্যেক প্রার্থীর রেজিস্ট্রেশন নম্বর এবং নামের পাশে তার ছবি এবং প্রবেশপত্রের অনুরূপ স্বাক্ষর মুদ্রিত থাকবে। প্রবেশপত্রের ছবি ও স্বাক্ষরের সঙ্গে হাজিরা তালিকার ছবি ও স্বাক্ষর মিলিয়ে দেখা হবে, মিল না থাকলে উক্ত প্রার্থীকে বহিষ্কার এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

ক্রমশ/২

